

## আল-আহ্যাব | Al-Ahzab | الْأَحْزَاب

আয়াতঃ ৩৩ : ৬৩

### আরবি মূল আয়াত:

يَسْأَلُكَ النَّاسُ عَنِ السَّاعَةِ ۖ قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللَّهِ ۗ وَمَا يُدْرِيكَ  
لَعْلَ السَّاعَةَ تَكُونُ قَرِيبًا ﴿٦٣﴾

### A | ✎ অনুবাদসমূহ:

লোকেরা তোমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করে, বল, ‘এ বিষয়ের জ্ঞান কেবল আল্লাহর নিকটই আছে, আর তোমার কি জানা আছে, কিয়ামত হয়ত খুব নিকটে! — আল-বায়ান

লোকে তোমাকে কিয়ামত সম্পর্কে প্রশ্ন করে। বল, তার জ্ঞান কেবল আল্লাহর নিকটই আছে। কিসে তোমাকে জানাবে- সম্ভবতঃ কিয়ামত নিকটেই। — তাইসিরত্ন

লোকেরা তোমাকে কিয়ামাত সম্পর্কে জিজ্ঞেস করছে। বলঃ এর জ্ঞান শুধু আল্লাহরই আছে। তুমি এটা কি করে জানবে যে, সম্ভবতঃ কিয়ামাত শীত্বাই হয়ে যেতে পারে? — মুজিবুর রহমান

People ask you concerning the Hour. Say, " Knowledge of it is only with Allah. And what may make you perceive? Perhaps the Hour is near." — Sahih International

৬৩. লোকেরা আপনাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞেস করে। বলুন, এর জ্ঞান শুধু আল্লাহর নিকটই আছে। আর কিসে আপনাকে জানাবে, সম্ভবত কিয়ামত শীত্বাই হয়ে যেতে পারে?

-

তাফসীরে জাকারিয়া

(৬৩) লোকে তোমাকে কিয়ামত সম্বন্ধে জিজ্ঞাসা করে। বল, ‘এর জ্ঞান কেবল আল্লাহরই আছে।’ আর তোমাকে কিসে জানাবে? সম্ভবতঃ কিয়ামত শীত্বাই হয়ে যেতে পারে।

-

তাফসীরে আহসানুল বায়ান

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন